

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
এডিবি-১ শাখা  
শেরে বাংলা নগর, ঢাকা  
[www.erd.gov.bd](http://www.erd.gov.bd)

**প্রেস বিজ্ঞপ্তি ( ২২ নভেম্বর ২০১৭ )**


আজ ২২ নভেম্বর ২০১৭ তারিখ অর্থনৈতিক সম্পর্ক বিভাগে বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-র মধ্যে “South Asia Subregional Economic Cooperation Dhaka–Northwest Corridor Road Project - Phase 2 - Tranche 1”-শীর্ষক ২টি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। উক্ত ঋণচুক্তির আওতায় এডিবি মোট ৩০০.০০ মিলিয়ন মার্কিন ডলার [২৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার অর্ডিনারী ক্যাপিটেল রিসোর্সেস (ওসিআর) এবং ৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার সহজ শর্তের কনসেশনাল ওসিআর লেন্ডিং (সিওএল)] ঋণ সহায়তা প্রদান করবে। বাংলাদেশের পক্ষে জনাব কাজী শফিকুল আযম, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং এডিবি’র পক্ষে Mr. Manmohan Parkash, Country Director, বাংলাদেশ আবাসিক মিশন (বিআরএম) উক্ত ঋণচুক্তিতে স্বাক্ষর করেছেন। ঋণচুক্তি স্বাক্ষরকালে বাংলাদেশ সরকার ও এডিবি’র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এডিবি’র Multi-tranche Financing Facilities (MFF)-এর আওতায় ‘সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II: এলেঞ্জা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ’-শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। প্রকল্পটি গত ৬ সেপ্টেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়েছে। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ প্রকল্পটির উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ এবং সড়ক ও জনপথ অধিদপ্তর বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল ০১ সেপ্টেম্বর ২০১৬ হতে ৩১ আগস্ট ২০২১ পর্যন্ত।

এ প্রকল্পের আওতায় এলেঞ্জা-হাটিকামরুল-রংপুর মহাসড়কটি (১৯০.৪০ কিঃমিঃ) ৪ লেনে উন্নীত করাসহ ধীরগতি সম্পন্ন গাড়ির লেনসহ নতুন পেভমেন্ট নির্মান, ১৯২২ মিটারের ৩২টি ব্রিজ, ২৬৩৫ মিটার বিশিষ্ট ৩টি ফ্লাইওভার, ৪১১ মিটার বিশিষ্ট ১টি রেলওয়ে ওভারপাস এবং ১৫০০ মিটারের ১টি ইন্টারচেঞ্জ নির্মাণ করা হবে। পাশাপাশি, জেল্ডার সংবেদনশীলতা রক্ষা এবং সড়ক পরিচালনা ও ব্যবস্থাপনায় সড়ক বিভাগের দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের উত্তরাঞ্চলের জেলাসমূহের সাথে রাজধানীর সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সম্ভব হবে। একইসাথে, ভারত, নেপাল ও ভূটানের সাথে উপ-আঞ্চলিক সড়ক সংযোগ সহজতর করা সম্ভব হবে। এছাড়া, South Asia Subregional Economic Cooperation (SASEC) করিডোর ৪ ও ৯, এশিয়ান হাইওয়ে-২, বিমস্টেক-২ এবং সার্ক হাইওয়ে করিডোর-৪ এর সাথে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নসহ প্রকল্প এলাকার আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন ও বাণিজ্য বৃদ্ধিতে অবদান রাখবে। উল্লেখ্য, আলোচ্য প্রকল্পটি এডিবি’র ঋণ সহায়তায় চলমান South Asia Subregional Economic Cooperation (SASEC) Road Connectivity: জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঞ্জা সড়ক (এন-৪) ৪ (চার) লেনে উন্নীতকরণ শীর্ষক প্রকল্পের ধারাবাহিকতায় বাস্তবায়িত হবে।

এডিবি’র Financing Plan অনুযায়ী সর্বমোট ১২০০.০০ মিলিয়ন মার্কিন ডলার MFF ঋণের ১ম কিস্তির (Tranche 1) জন্য মোট প্রাক্কলিত ব্যয় ৪৭১.৪০ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে বাংলাদেশ সরকার ১৭১.৪০ মিলিয়ন মার্কিন ডলার এবং এডিবি ৩০০.০০ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে। এডিবি প্রদেয় ওসিআর ঋণ ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য। সুদের হার LIBOR (London Inter Bank Offered Rate) +০.৫% ও ম্যাচুরিটি প্রিমিয়াম ০.১%। এছাড়া, অব্যয়িত ঋণের উপর কমিটমেন্ট চার্জ ০.১৫%। সিওএল ঋণ ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য এবং প্রকল্পের মেয়াদে বার্ষিক সুদের হার ২%।

১৯৭৩ সালে বাংলাদেশ এডিবি’র সদস্য হওয়ার পর থেকেই প্রতিষ্ঠানটি বাংলাদেশের অন্যতম উন্নয়ন সহযোগী হিসাবে সহায়তা প্রদান করে আসছে। এ পর্যন্ত বাংলাদেশকে প্রদত্ত এডিবি’র ঋণ সহায়তার পরিমাণ প্রায় ১৮.০০ বিলিয়ন মার্কিন ডলার। বাংলাদেশে উন্নয়ন সহায়তার ক্ষেত্রে এডিবি প্রধানত বিদ্যুৎ, জ্বালানি, পরিবহন, শিক্ষা, স্থানীয় সরকার, কৃষি, পানি সম্পদ এবং সুশাসন সেক্টরকে প্রাধান্য দিয়ে থাকে।

  
মোসাদ্দ রাবেয়া আকতার  
সিনিয়র সহকারী সচিব  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার